দৈনিক সংবাদ

তারিখ ... 21 NOV 1998 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৭ ...

# বাউবি'র সেল্‌প প্রোগ্রাম

মেজবাহ উদ্দিন তুহিন

ভর্তি গাইড

ইংরেজি ভাষায় নিজেকে দক্ষ করে গড়ে তুলতে চাইলে আপনি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সেল্‌প প্রোগ্রামে (সার্টিফিকেট ইন ইংলিশ ল্যাংগুয়েজ প্রফিশিয়েন্সি) ভর্তি হতে পারেন। ইংরেজিতে অন্যের সঙ্গে যোগাযোগ ও কথোপকথনের জন্য এ প্রোগ্রাম বিশেষ উপযোগী। এই প্রোগ্রামটি এমনভাবে তৈরি যে, ভাষার চারটি মৌলিক দক্ষতা শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা অর্জন সহজেই সম্ভব।

**ভর্তির যোগ্যতা ও সময়**

আপনি এসএসসি বা সমমানের পরীক্ষায় পাস হলেই এই প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারেন। যেকোন বয়সের প্রার্থীই বাউবির অন্যান্য প্রোগ্রামের ন্যায় এ প্রোগ্রামেও ভর্তির জন্য যোগ্য বিবেচিত হবেন। বছরে দু'বার জানুয়ারি এবং জুলাই/আগস্ট মাসে ভর্তির জন্য প্রার্থীদের আহ্বান করা হয়। বর্তমান সেমিস্টারের ভর্তি প্রক্রিয়া এ মাসেই শুরু হবে বলে জানা গেছে। ভর্তি সংক্রান্ত তথ্য খবরের কাগজে বিজ্ঞাপন দিয়ে এবং রেডিও টিভিতে বাউবির খবরে জানানো হয়।


**ভর্তির স্থান ও প্রক্রিয়া**

ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশের পর জনতা ব্যাংকের নির্ধারিত শাখা থেকে ৫০ টাকার বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করতে হয়। আবেদনপত্র সংগ্রহের পর বাউবির বিভিন্ন রিজিওনাল রিসোর্স সেন্টারে যোগাযোগ করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হয়।

আবেদনপত্রের সাথে সর্বশেষ পরীক্ষা পাসের সার্টিফিকেটের সত্যায়িত কপি, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রের সত্যায়িত কপি ও পাসপোর্ট আকারের এক কপি সত্যায়িত ছবির প্রয়োজন হয়। প্রার্থীর পূর্ববর্তী পরীক্ষার রেজাল্ট ও বয়সের ভিত্তিতে পয়েন্ট গণনা করে প্রার্থী ভর্তি করা হয়। উল্লেখ্য, অধিক বয়সের প্রার্থী ভর্তির জন্য অধিক পয়েন্ট লাভ করে থাকেন।

**প্রয়োজনীয় কাগজপত্র ও ফি**

আপনি ভর্তির জন্য নির্বাচিত হলে আপনাকে পুনরায় সার্টিফিকেটের সত্যায়িত কপি, নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র, ভর্তি ফরমের ভাঁজ করা পৃষ্ঠা, ব্যাংকে টাকা জমাদানের রসিদ ও পাসপোর্ট আকারের তিন কপি ছবি জমা দিতে হবে।



প্রোগ্রাম ফি বাবদ (৭০০+৮০০) টাকা দিতে হয়।

**শিক্ষা পদ্ধতি**

সেল্‌প প্রোগ্রাম এক সিমেস্টার বা ছয় মাস মেয়াদি। প্রোগ্রামে মোট দুটি কোর্স রয়েছে। Communicative English one এবং Communicative English Two. এই প্রোগ্রামটি মোট ১৫ ক্রেডিটের। একজন শিক্ষার্থীকে বই পড়া, অনুশীলন করা ও অডিও ক্যাসেট শোনার জন্য ১৫ ঘন্টা এবং ঘরের কাজ ও এ্যাসাইনমেন্টের জন্য ১০-১৫ ঘন্টা ব্যয় করতে হয়। জানুয়ারি সিমেস্টারে ফেব্রুয়ারি থেকে মে এবং জুলাই সিমেস্টারে আগস্ট থেকে নভেম্বর পর্যন্ত শিক্ষার্থীদের টিউটোরিয়াল ক্লাসের সুবিধা দেয়া হয়। প্রতিমাসের প্রথম ও তৃতীয় শুক্রবার তাদের পুরো মাসের সমস্যা নিয়ে টিউটরদের কাছ থেকে শিক্ষার্থিগণ তাদের সমস্যার সমাধানের সুযোগ পান। একজন শিক্ষার্থী প্রোগ্রামটি এক সিমেস্টারে অথবা একাধিক সিমেস্টারে সময় নিয়ে সমাপ্ত করতে পারেন। তবে কোন শিক্ষার্থী প্রোগ্রামটি এক সিমেস্টারে শেষ করতে চাইলে ভর্তির সময় তাকে দুটি কোর্সে এক সঙ্গে ভর্তি হতে হবে। একটি সিমেস্টারে মাত্র একবারই ভর্তি করা হয়। প্রতি কোর্সের চূড়ান্ত গ্রেড শোনা ২০%, বলা ২০%, পড়া ২৫%, লেখা ২৫% ও টিএমএ ১০% হিসেবে নির্ধারণ করা হয়েছে। কোর্স সফলতার সাথে সমাপ্ত করার জন্য নির্ধারিত সময়ে দুটি কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে হয়। কোন শিক্ষার্থী পরীক্ষায় অকৃতকার্য হলে অথবা অনুপস্থিত থাকলে প্রার্থীর পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ রয়েছে।

**শিক্ষা উপকরণ**

বাউবির প্রতিটি প্রোগ্রামের জন্য দূরশিক্ষণ পদ্ধতিতে নিজস্ব আঙ্গিক ও সিলেবাসে শিক্ষাসামগ্রী ও উপকরণ তৈরি। এই প্রোগ্রামের জন্য ভর্তির সময় অডিও ভিডিও ক্যাসেট দেয়া হয় যাতে শিক্ষার্থীরা ঘরে বসেই নিজে নিজে পাঠ চালাতে পারেন এবং শোনা ও বলার চর্চা করতে পারেন। এছাড়া রেডিও এবং টিভিতে নিয়মিতভাবে অনুষ্ঠান প্রচার করে থাকে যার মাধ্যমে শিক্ষার্থীরা ঘরে বসেই নিজেদের লেখা পড়া চালাতে পারেন।